

প্রমদঃ-মিনোটি আঞ্চলিকস্তা

জাহিদ রাসেল

jahid_humanist@yahoo.com

আমার আবো ছিলেন চাকুরিজীবি। তার চাকুরির সূত্রে আমার সৌভাগ্য হয় বাংলাদেশের বিভিন্ন জেলা ঘুরে দেখবার, বিভিন্ন অঞ্চলের মানুষের সাথে মিশবার। আমার বাড়ি সিলেটে। আমি দেখেছি আমি যখন ঐ সব জেলায় ছিলাম তখন ঐ সব জেলার মানুষেরা আমাদের সাথে খুবি স্বাভাবিক আচরণ করেছে, যদিও তারা কিছুটা ধর্মীয় দিক দিয়ে তারা সিলেটকে পবিত্র মনে করত (৩৬০ আউলিয়ার মাজার থাকবার জন্যে) আবার কখনও সিলেটের আঞ্চলিক ভাষা নিয়ে ঠাট্টা করতো। অন্য বিভিন্ন অঞ্চলের মতো সিলেট অঞ্চলের মানুষদের নিজস্ব অঞ্চলিক ভাষা ও সংস্কৃতি আছে। কিন্তু আমি নিজে সিলেটের ছেলে হওয়ার পরও ভীষণ ভাবে অবাক হয়েছি অন্য জেলার মানুষের প্রতি সিলেট অঞ্চলের অধিকাংশ (অবশ্যই সবার নয়) মানুষের বিরূপ মনোভাব দেখে।

সিলেটের জনগোষ্ঠির এক বড় অংশ প্রবাসি বলে বাংলাদেশের অন্য অনেক অঞ্চলের চেয়ে এ অঞ্চলটি অর্থনৈতিক ভাবে সমৃদ্ধ। জীবিকার তাড়নায় বাংলাদেশের বিভিন্ন এলাকা থেকে প্রচুর মানুষ এসেছে সিলেটে। কিন্তু তাদেরকে, অনেক সিলেটি গালি দিয়ে থাকে ‘আবাদি’ বা ‘বেঙ্গলি’ বলে!!

বাংলাদেশ থেকে এখন প্রচুর ছাত্র লন্ডনে পড়তে আসছে এবং তারা অথের্জন্য সিলেটি মালিকানায় পরিচালিত রেস্টুরেন্ট গুলোয় কাজ করছে। সিলেটের অনেক প্রবাসিরা ‘ইউ.কে’তে রেস্টুরেন্ট ব্যবসার মাধ্যমে প্রচুর অ র্থ উপার্জন করলেও রেস্টুরেন্ট গুলোয় কাজ করতে আসা অন্য জেলার মানুষদের প্রতি আচরণ খুবই খারাপ। আমি লন্ডন আসবার পর ব্যক্তিগত ভাবে অনেকের সাথে আলাপ করেছি এ ব্যাপারে, কিন্তু দুঃখের বিষয় আমি একজন মানুষও পাইনি যে কিনা কোন না কোন ভাবে সিলেটিদের বিদেশ মূলক আচরনের সম্মুখিন হয় নাই। তাই তারাও এখন সিলেটবাসি সম্পর্কে খারাপ ধারণা পোষণ করে। শুধু সাধারণ মানুষের কাছ থেকে নয় সিলেটের অনেক উচ্চ শিক্ষিত মানুষও অন্য জেলার মানুষের প্রতি কটুভাব করে থাকে। সিলেটে বড় হওয়া ও শাহজালাল ইউনিভার্সিটি থেকে মাস্টার্স শেষ করা এক ছাত্রের সাথে আলাপ কালে জানতে পারি তিনি তার ইউনিভার্সিটির সিলেটের এক শিক্ষকের কাছ থেকেও আঞ্চলিক বিদেশ মূলক গালি শুনেছেন!!

বাংলাদেশের অন্যান্য অঞ্চলে ২'টি ভিন্ন অঞ্চলের ছেলে-মেয়ের মধ্যে বিয়ের ক্ষেত্রে কোন সমস্যা না থাকলেও, আমি দেখেছি এখনও অধিকাংশ সিলেটি পরিবারগুলো অন্য জেলার ছেলে বা মেয়ের সাথে তাদের পরিবারের সদস্যদের বিয়েকে স্বাভাবিক ভাবে নেন না। একই দেশের নাগরিক হ্বার পরও অন্য জেলার

মানুষের প্রতি একটি জেলার অধিকাংশ মানুষের এই বিদ্রোহ মূলক আচরণের কারণ
কি তা হয়তো একজন সমাজবিজ্ঞানিই ভালো বলতে পারবেন।

বাংলাদেশের ভিন্ন অঞ্চলের মানুষের মধ্যে ভাষা , ঐতিহ্য, কৃষ্টি, সংস্কৃতির
পাথর্ক্য আছে । মানুষ তার নিজ নিজ অঞ্চলের ভাষা , ঐতিহ্য, কৃষ্টি, সংস্কৃতি লালন
করবে অবশ্যই । কিন্তু প্রতিটি বাংলাদেশী মানুষ আঞ্চলিকতার ক্ষুদ্রতাকে দূরে ঠেলে
বাংলাদেশী পরিচয়েই পরিচিত হোক ও অঞ্চলিকতার উদ্ধেব উঠে সব মানুষের
সাথে স্বাভাবিক আচরণ করুক ।

মুক্ত-মনাদের শুভেচছা ।